

সাদা - কালো

লোপা দে

(দর্শন বিভাগ)

একই বাড়ির দুটি মেয়ে—
একটি ফরসা, একটি কালো
ফরসা মেয়ের দেমাক ভীষন
ব্যবহারও নয়কো ভালো।
বাবা - মায়ের নজর সাদাই
ফরসা মেয়ের উপর -
ভালো জামা, ভালো খাবার,
সঙ্গে অনেক আদর।
যেক না বাজে পড়াশুনায়
তাও তো লোকে বলে—
“ কি সুন্দর দেখতে মেয়ে,
তুলনা নাহি চলে ”।
প্রশংসাতে বাবা - মায়ের
বুকটি ভরে ওঠে ;
(কিন্তু) আদর - যত্নে বিগড়েছে সে—
মন ভালো নয় মোটে ॥

অপরদিকে কালো মেয়ে
সহজ - সরল কণ্ঠ,
মিষ্টি অতি ব্যবহার তার
পড়াশুনায় রত।
বাবা - মায়ের গল্জনা আর
পাড়ার লোকের বিদ্রূপ
' কালো মেয়ে ' নামটি ছাড়া
নেই কি কোন আর রূপ ?

উৎসবে আর অনুষ্ঠানে
কেউ ডাকে না থাকে,
জাঁকজমক আর আয়োজন—
' কালো ' কি সেথা থাকে ?

সাদা যদি এতই ভালো
এতই আদরে (র)
গায়ে শ্বেতীর দাগ হলে কি
ডাকবে সাদরে ?
' সৌন্দর্য ' খুঁজতে চাও
দেখো মনের ভিতরে—
ফরসা - কালোর কোনো ফারাক
নেই কো মোটে সেথারে ॥